## ♣ উত্তরপত্র

প্রাইমারি শিক্ষক নিয়োগ - ২০২২ (৩য় ধাপ)

**Total questions : 80 Total marks : 80**

---

1) দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার অঙ্কদ্বয়ের সমষ্টি ৭ ; অঙ্কদ্বয় স্থান বিনিময় করলে যে সংখ্যা পাওয়া যায় তা প্রদত্ত সংখ্যা থেকে ৯ বেশি। সংখ্যাটি কত?

1) ৬১

2) ২৫

✔ 3) ৩৪

4) ৪৩

**ব্যাখ্যা :**

মনে করি, সংখ্যাটি = (10x + y).

প্রশ্নমতে,
(x + y) = 7 ----- (i)
এবং
(10y + x) = (10x + y) + 9 ----- (ii)

(ii) নং থেকে পাই,
(10y + x) = (10x + y) + 9
⇒ 9y — 9x = 9
∴ (y — x) = 1 ----- (iii)

(i) নং ও (iii) নং যোগ করে পাই,
2y = 8
∴ y = 4.

(i) নং এ y - এর মান বসিয়ে পাই,
x + 4 = 7
∴ x = 3.

Hello BCS

∴ নির্ণেয় সংখ্যা = [(10×3) + 4] = 34.

2) What is the meaning of ‘White Elephant’?

1)
An elephant of white colour

2)
A hoarder

3)
A black marketer

✔ 4)
A very costly or troublesome possession

**ব্যাখ্যা :** White elephant - An expensive item that is troublesome or useless. The term comes from a story about the king of Siam, who was said to have given an albino elephant, considered sacred, to a member of the court whom he disliked, knowing that taking care of the animal would exhaust the person's fortune.

Hello BCS

3) 'পাছে লোকে কিছু বলে' কবিতায় পাঠকের মনে কোন আচরণের উদ্রেক ঘটায়?

1)
পরোপকারিতা

2)
সাহসিকতা

3)
ভয়হীনতা

✔ 4)
সংকোচ

**ব্যাখ্যা :**

'পাছে লোকে কিছু বলে' কবিতায় পাঠকের মনে সংকোচের উদ্রেক ঘটায়।

4) 'পণ্ডিতমূর্খ' এর ব্যাসবাক্য কোনটি?

1)
পাণ্ডিত্যের দ্বারা যিনি মূর্খ

2)
জ্ঞান থাকতেও যিনি মূর্খ

3)
পাণ্ডিত্যে যিনি মূর্খ

✔ 4)
পণ্ডিত হয়েও যিনি মূর্খ

**ব্যাখ্যা :**

পণ্ডিত হয়েও যিনি /যে মূর্খ = পণ্ডিতমূর্খ। এটি নিপাতনে সিদ্ধ সমাসের উদাহরণ। এরূপ জীবন্মৃত, নরপশু ইত্যাদি।

Hello BCS

5) কোনটি সঠিক বানান?

1)
দোষনীয়

✔ 2)
দূষণীয়

3)
দুষনীয়

4)
দোষনীয়

**ব্যাখ্যা :**

অপশনের শুদ্ধ বানান হল 'দূষণীয়'

6) কোন সালে প্রভাতফেরি তে 'একুশের গান' আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি.... গানটি গাওয়া হয়?

1)
১৯৫৯

2)
১৯৬২

✔ 3)
১৯৫৪

4)
১৯৫২

**ব্যাখ্যা :**

১৯৫৪ সালে প্রভাতফেরি তে 'একুশের গান' আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি.... গানটি গাওয়া হয়।

7) 'সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই' পঙক্তিটির রচয়িতা কে?

1)
মুকুন্দ দাস

2)
বৃন্দাবন দাস

✔ 3)
চণ্ডীদাস

4)
গোবিন্দদাস

**ব্যাখ্যা :**

বাংলা সাহিত্যের প্রথম মানবতাবাদী কবি হলেন চণ্ডীদাস। তাঁর বিখ্যাত উক্তি, "শুনহে মানুষ ভাই সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই'।

8)
'খণ্ড প্রলয়' প্রবাদবাক্যটির প্রায়োগিক অর্থ-

1)
কথা কাটাকাটি

2)
ভয়ংকর ঘটনা

3)

Hello BCS

মহা ঝড়-ঝাপটা

✔ 4)
তুমুল কাণ্ড

**ব্যাখ্যা :**

'খণ্ড প্রলয়' প্রবাদবাক্যটির প্রায়োগিক অর্থ- হল 'তুমুল কাণ্ড/ ভীষণ ব্যাপার।

9) 'দ্বীপ' এর ব্যাসবাক্য কী?

1)
চার দিকে জল যার

2)
দুদিকে আবদ্ধ জল যার

✔ 3)
দুদিকে অপ যার

4)
দ্বীপের মত

**ব্যাখ্যা :**

- দুদিকে অপ (পানি) যার = দ্বীপ
- অন্তর্গত অপ (পানি) যার = অন্তরীপ

এগুলো নিপাতনে সিদ্ধ  সমাসের উদাহরণ।

Hello BCS

10) ব্যাকরণের কাজ কী?

✔ 1)
ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা রক্ষা করা

2)
ভালো বক্তা তৈরি করা

3)
নতুন ভাষা তৈরি করা

4)
দ্রুত পড়া ও লেখা শিখানো

**ব্যাখ্যা :**

ব্যাকরণ (বি + আ + কৃ + অন) শব্দের ব্যুৎপত্তিগত অর্থ হলো বিশেষভাবে বিশ্লেষণ। ব্যাকরণের কাজ হলো ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা রক্ষা করা।

11) ২০২২ সালে কাজী নজরুল ইসলামের কততম জন্মদিন পালিত হয়?

✔ 1)
১২৩

2)
১২৪

3)
১২৫

4)
১২৬

**ব্যাখ্যা :**

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম বাংলা ১১ জৈষ্ঠ্য ১৩০৬ বঙ্গাব্দ, ইংরেজি ২৪/২৫ মে, ১৮৯৯ সালে জন্মগ্রহণ করেন।

- ২০২২ সালে কাজী নজরুল ইসলামের ১২৩তম জন্মদিন পালিত হয়।

Hello BCS

12) শিশুর ভাষা শিক্ষার মাধ্যম কী?

✔ 1)
মা

2)
বাবা

3)
আত্মীয় স্বজন

4)
শিক্ষক

**ব্যাখ্যা :** শিশুর ভাষা শিক্ষার প্রথম মাধ্যম 'মা'। মা শিশুর যেসব খাদ্যের প্রতি ঝোঁক সৃষ্টি করবেন, শিশুর খাদ্যাভ্যাস ও আচরণে তার প্রভাব লক্ষ করা যায়। মাই প্রথম শিশুকে ঘুম পাড়ায়। পরবর্তী সময়ে শিশু বর্ণশিক্ষা, শব্দ শিক্ষা, ছড়া শিক্ষা মা'ই প্রথম দিয়ে থাকেন।

13) 'শীতার্ত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

1)
শীত + অর্ত

2)
শীতা + র্ত

✔ 3)
শীত + ঋত

4)
শীত + আর্ত

**ব্যাখ্যা :**

প্রথম পদের শেষে অ/আ ধ্বনি এবং দ্বিতীয় পদে 'ঋত' থাকলে উভয় মিলে আর্ত হয়। যেমন -

শীত + ঋত = শীতার্ত

শোক + ঋত = শোকার্ত

Hello BCS

14) 'একটি কবিতা পড়া হবে, তার জন্য কী ব্যাকুল প্রতীক্ষা মানুষের ; কখন আসবে কবি? কখন আসবে কবি? পঙক্তিটির রচয়িতা কে?

1)
রুদ্র মোহাম্মদ শহীদুল্লাহ

✔ 2)
নির্মলেন্দু গুণ

3)
শামসুর রাহমান

4)
ফরহাদ মজহার

**ব্যাখ্যা :**

একটি কবিতা পড়া হবে, তার জন্য কী ব্যাকুল প্রতীক্ষা মানুষের ; কখন আসবে কবি? কখন আসবে কবি? পঙক্তিটির রচয়িতা হলে নির্মলেন্দু গুণ।

15) 'একাত্তরের দিনগুলি' কার রচনা?

1)
হাসান আজিজুল হক

2)
সৈয়দ শামসুল হক

3)
হুমায়ুন আজাদ

✔ 4)
জাহানারা ইমাম

**ব্যাখ্যা :**

'শহীদ জননী' নামে পরিচিত জাহানারা ইমামের মুক্তিযুদ্ধ ভিত্তিক স্মৃতিচারণমূলক গ্রন্থ হলো 'একাত্তরের দিনগুলি'।

16) 'স্টপ জেনোসাইড' প্রামাণ্য চলচ্চিত্র মূল বিষয়বস্তু -

✔ 1)
মুক্তিযুদ্ধ

2)
গণঅভ্যুত্থান

3)
আগরতলা মামলা

4)
ভাষা আন্দোলন

**ব্যাখ্যা :**

'স্টপ জেনোসাইড' হলো জহির রায়হান পরিচালিত মুক্তিযুদ্ধের উপর ২০ মিনিটের প্রামাণ্য চলচ্চিত্র।

17) 'শুক্রবার বিদ্যালয় বন্ধ থাকে। এ বাক্যে 'বিদ্যালয়' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

1)
কর্তায় শূন্য

✔ 2)
কর্মে শূন্য

Hello BCS

3)
অপাদানে শূন্য

4)
অধিকরণে শূন্য

**ব্যাখ্যা :**

শুক্রবার বিদ্যালয় বন্ধ থাকে। এ বাক্যে 'বিদ্যালয়' শব্দটি কর্মে শূন্য বিভক্তি।

18) ৭৫ তম কান চলচ্চিত্র উৎসবে নিচের কোন চলচ্চিত্রটির ট্রেলার উদ্বোধন করা হয়?

1)
টুঙ্গিপাড়ার মিয়া ভাই

2)
চিরঞ্জীব মুজিব

✔ 3)
মুজিব একটি জাতির রূপকার

4)
ছিটমহল

**ব্যাখ্যা :** ৭৫ তম কান চলচ্চিত্র উৎসবে 'মুজিব : একটি জাতির রূপকার' (Mujib: The Making of a Nation) সিনেমাটির ট্রেলার উদ্বোধন করা হয়েছে। ফ্রান্সে কান চলচ্চিত্র উৎসবের ৭৫তম আসরের তৃতীয় দিন বৃহস্পতিবার স্থানীয় সময় সন্ধ্যা ছয়টায় ভারতীয় প্যাভিলিয়নে বাংলাদেশ-ভারত যৌথ উদ্যোগে নির্মিত এই বায়োপিকের ট্রেলার উদ্বোধন করা হয়।

19) 'তামার বিষ' কথাটির অর্থ কি?

1)
অহংকার

2)
বিষের কষ্ট

✔ 3)
অর্থের কুপ্রভাব

4)
বিষাক্ত তামা

Hello BCS

**ব্যাখ্যা :**

- তামার বিষ' কথাটির অর্থ অর্থের কুপ্রভাব।
- পায়াভারী বাগধারার অর্থ হলো অহংকার।

20) ল্যাটিন ভাষায় 'সেন্টি' অর্থ কী?

1)
সহস্রাংশ

2)
পঞ্চমাংশ

3)
দশমাংশ

✔ 4)
শতাংশ

**ব্যাখ্যা :** সেন্টি একটি ল্যাটিন শব্দ। গণিতে এর অর্থ হলো শতাংশ আর উপাধি হলে হবে ভাগ্যবান।

Hello BCS

21) "এ বিশ্বকে শিশুর বাসযোগ্য করে যাব আমি, নবজাতকের কাছে এ আমার প্রার্থনা" পঙক্তিটির রচয়িতা কে?

1)
কাজী নজরুল ইসলাম

2)
শামসুর রাহমান

3)
জীবনানন্দ দাশ

✔ 4)
সুকান্ত ভট্টাচার্য

**ব্যাখ্যা :**

"এ বিশ্বকে শিশুর বাসযোগ্য করে যাব আমি, নবজাতকের কাছে এ আমার অঙ্গীকার" এটি সুকান্ত ভট্টাচার্যের ছাড়পত্র কবিতা থেকে নেয়া হয়েছে।

22) 'তাজা মাছ' কোন বিশেষণ?

1)

রূপবাচক

2)
অংশবাচক

✔ 3)
অবস্থাবাচক

4)
গুণবাচক

**ব্যাখ্যা :**

নাম বিশেষণের প্রকারভেদ-

- অবস্থাবাচক- তাজা মাছ, রোগা ছেলে
- রূপবাচক- নীল আকাশ, কালো মেঘ
- অংশবাচক- অর্ধেক সম্পত্তি, ষোল আনা দখল।

23) বাংলা বর্ণমালায় অর্ধমাত্রা কতটি?

✔ 1)
৮

2)
৯

3)
৬

4)
৭

Hello BCS

**ব্যাখ্যা :**

ধ্বনি নির্দেশক চিহ্নই হলো বর্ণ। বাংলা ভাষায় বর্ণ ৫০টি, স্বরবর্ণ ১১টি, ব্যঞ্জন বর্ণ ৩৯টি। এর মধ্যে পূর্ণমাত্রা ৩২টি, অর্ধমাত্রা ৮টি এবং মাত্রাহীন বর্ণ হচ্ছে ১০টি।

24) নিচের কোনটি তৎসম শব্দ?

1)
মাটি

✔ 2)
নারিকেল

3)
গেরাম

4)
চামার

**ব্যাখ্যা :**

- চর্মকার- (তৎসম)- চম্মআর-(অর্ধ-তৎসম)- চামার- তদ্ভব।
- গেরাম- তদ্ভব শব্দ
- নারিকেল- তৎসম শব্দ।

25) 'ভাস্কর্য জননী ও গর্বিত বর্ণমালা" – এর স্থপতি কে?

1)
হামিদুজ্জামান খান

2)
অখিল পাল

3)
মর্তুজা বশীর

✔ 4)
মৃণাল হক

**ব্যাখ্যা :** এটির নকশা করেছেন শিল্পী মৃণাল হক। এ বছর ২০ ফেব্রুয়ারি ভাস্কর্যটি উদ্বোধন করা হয়। জননী ও গর্বিত বর্ণমালা ভাস্কর্যে দেখা যায় একজন মা তার মৃত সন্তানকে কোলে নিয়ে দাঁড়িয়ে আছেন।

26) He is jealous _____ my prosperity.

1)
over

2)
for

✔ 3)
of

Hello BCS

4)
with

ব্যাখ্যা : He is envious - - - my prosperity বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে - of. Envious of অর্থ কোন বিষয়ে ঈর্ষাপরায়ণ।

27) What is the adjective form of the word 'People'?

1)
Popular

2)
Popularity

3)
Popularize

✔ 4)
Populous

ব্যাখ্যা : Adjective of the word "People" is populous.
populous - Adjective যার অর্থ : জনাকীর্ণ, জনপূর্ণ, জনাকীর্ণ।

28) Which one is the correct passive form of "Who will do the work?"

1)
Who will be done the work?

✔ 2)
By whom will the work be done?

3)
By whom the work will be done?

4)
Who will done the work?

ব্যাখ্যা : Interrogative sentence যদি who দিয়ে শুরু হয় তাহলে একে passive voice - এ পরিবর্তনের সময় By whom দিয়ে শুরু করতে হয়। তাছাড়া active voice - এ will থাকলে passive voice এ will be হয়। আর একমাত্র 'খ' sentence টি সকল শর্ত পূরণ করে passive করা হয়েছে। সুতরাং এটিই সঠিক উত্তর।

Hello BCS

29) The antonym of the word 'awesome' ___________.

1)
grand

2)
daunting

3)
majestic

✔ 4)
disgusting

**ব্যাখ্যা :** awesome-অসাধারণ ; disgusting-জঘন্য, so The correct antonym of awesome is disgusting.

30) 'Felicitation' means _______________.

1)
Feeling bad

✔ 2)
Expression of good wish

3)
To conduct something

4)
Reading books

Hello BCS

**ব্যাখ্যা :** "Felicitation" is a noun that refers to the act of expressing congratulations or good wishes to someone. It is often used in formal or celebratory contexts to acknowledge someone's achievements, milestones, or important events in their life.
For example, when someone graduates from college, they might receive felicitations from their friends and family, or when a colleague receives an award, their coworkers might offer felicitations. The word "felicitation" is derived from the Latin word "felicitas," which means happiness or good fortune.

31) What is the adjective of the word 'Heart'?

1)
Heartful

2)
Heart

3)
Hearten

✔ 4)
Heartening

ব্যাখ্যা : Heart - Noun, Hearten - Verb, Heartening - Adjective

32) The reading of history is interesting. এখানে 'reading' কী হিসেবে ব্যবহৃত হয়েছে?

1)
Adverb

2)
Uncountable noun

✔ 3)
Verbal noun

4)
Gerund

ব্যাখ্যা : A verbal noun, also known as a gerund, is a type of noun that is formed from a verb and functions as a noun in a sentence. Verbal nouns end in "-ing" and are often used to express an action or a state of being.
For example:

"Swimming" is my favorite sport. (In this sentence, "swimming" is a verbal noun that functions as the subject of the sentence.)
I enjoy "reading" books. (In this sentence, "reading" is a verbal noun that functions as the object of the verb "enjoy".)
"Running" can be good exercise. (In this sentence, "running" is a verbal noun that functions as the subject of the sentence.)

Hello BCS

33) Penny wise pound and _____________.

1)
callous

✔ 2)
foolish

3)
rich

4)
poor

ব্যাখ্যা : The English idiom “penny wise and pound foolish” is a popular saying that warns against safeguarding pennies while risking pounds. In other words, being stingy with small sums of money while being extravagant with larger sums.

34) Which spelling is correct?

1)
Secreteriate

2)
Secretariate

3)
Secreteriot

✔ 4)
Secreteriat

ব্যাখ্যা : the correct spelling - - - - Secretariat. সঠিক Spelling হচ্ছে secretariat যার অর্থ সচিবালয়। আর অন্যান্য option গুলোর spelling ভুল রয়েছে।

Hello BCS

35) The study of plants ___________.

1)
Biography

✔ 2)
Botany

3)
Biology

4)
Plantation

ব্যাখ্যা : botany, branch of biology that deals with the study of plants, including their structure, properties, and biochemical processes.

36) Which one is similar to Adult : Child?

1)
Swine : Saw

2)
Human : Animal

3)
Horse : Mare

✔ 4)
Cat : Kitten

ব্যাখ্যা : Adult : Child-প্রাপ্তবয়স্ক : শিশু, একইভাবে Cat : Kitten -বিড়ালঃবিড়ালছানা,

Hello BCS

37) What is the verb of the word 'Ability'?

1)
Ably

✔ 2)
Enable

3)
Ableness

4)
Able

ব্যাখ্যা : Ability - Noun, Able - Adjective, Ably - Adverb, Enable - verb

38) He insisted _____ my going there?

1)
for

2)
over

3)
to

✔ 4)
on

ব্যাখ্যা : insist on sth/sb doing sth - হচ্ছে একটি appropriate use যা কোনো কিছুর উপর বা কারও কোনো কিছু করার উপর জোর প্রদান করার ক্ষেত্রে ব্যবহৃত হয়।

39) 'Out and out' means —

1)
to get out

✔ 2)
thoroughly

3)
not at all

4)
someone from outside

ব্যাখ্যা : The phrase "out and out" is used to emphasize the extreme nature of something, indicating that it is complete, thorough, and absolute. It can be used to describe a person's behavior or character, or to describe a situation or event. For example, "He was an out and out liar," or "That was an out and out disaster." In both cases, the phrase emphasizes the extent or degree of the described situation.

40) What is the synonym of 'Competent'?

1)
Discreet

Hello BCS

✔ 2)
Capable

3)
Prudent

4)
Circumspect

ব্যাখ্যা : competent
circumspect - সতর্ক
discrete - পৃথক
capable - সক্ষম, দক্ষ
prudent - বিচক্ষণ,
এখানে, অপশন গুলোর মধ্যে অর্থগত বিবেচনায় দেখা যায় যে, competent মানে উপযুক্ত, যোগ্য আর এর synonym হচ্ছে capable যার মানে সক্ষম।

41) If a substance is cohesive, it tends to ____________________.z

1) retain heat
2) bend without much difficulty
✔ 3) stick together
4) break easily

ব্যাখ্যা : Cohesive - দৃঢ়ভাবে একত্রে লেগে থাকে এমন। এখন, Retain heat - তাপ অব্যাহত রাখা। Bend without too much difficulty - খুব বেশি কাঠিন্য ছাড়াই বাঁকা হয়। Stick together । একত্রে লেগে থাকা । Break easily - সহজেই ভেঙে যায়। এখন, আঠাল জিনিস স্বাভাবিকভাবেই নমনীয় বা অর্ধ তরল হয়। যেমন, চুইংগ্রাম , রাবার ইত্যাদি। কাজেই এ ধরনের জিনিস বাঁকা করা (খ) ও ভেঙে যাওয়ার (ঘ) বিষয়টি বাদ দেয়া যায়। আবার, তাপ উৎপাদানকারী বস্তু ব্যতীত তাপ ধরে রাখা যায় না । তাই 'ক' কেও বাদ দেয়া যায়। যে জিনিসি Cohesive (দৃঢ়ভাবে লেগে থাকে) তা অবশ্যই together d(একত্রে লেগে থাকে)। অতএব , সঠিক উত্তর 'গ'।

42) A 'Myth' is ____________________.

1)
a detective story

✔ 2)
a legend

3)
an adventurous story

Hello BCS

4)
a mysterious story

ব্যাখ্যা : Myth - পৌরাণিক কাহিনী Legend, Legend হলো পৌরাণিক কাহিনী অর্থাৎ, mythological story বা a traditional story.

43) A person who was before another person refers to ____________.

✔ 1)
predecessor

2)
contemporary

3)
superior

4)
successor

ব্যাখ্যা : Predecessor=পূর্বপুরুষ =ancestor, father, forefather, sire, progenitor

Hello BCS

44) Sin is to confess as fault is to _______.

1)
forgive

✔ 2)
admit

3)
accept

4)
consider

ব্যাখ্যা : The word that completes the analogy is "admit." Confessing is admitting to committing a sin, and admitting is also the act of acknowledging a fault or mistake. Therefore, just as one confesses to a sin, one admits to a fault.

45) ‘সকল ক্ষেত্রে সঠিক কাজ সম্পাদনের জন্য প্রয়োজন সৃজনশীল ও মেধাবী নেতৃত্ব। প্রয়োজন সৃষ্টিশীল মেধাবী মানুষ। কথাটি বলেছেন-

1)
তাজউদ্দিন আহমেদ

2)
শেরে বাংলা এ.কে ফজলুল হক

3)
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

✔ 4)
শেখ হাসিনা

**ব্যাখ্যা :** শেখ হাসিনা বলেছেন ;-‘সকল ক্ষেত্রে সঠিক কাজ সম্পাদনের জন্য প্রয়োজন সৃজনশীল ও মেধাবী নেতৃত্ব। প্রয়োজন সৃষ্টিশীল মেধাবী মানুষ।

46) নিচের কোন সূচকটি প্রাথমিক শিক্ষার গুণগত মানের পরিমাপক?

1)
বিদ্যালয়ে উপস্থিতির হার

✔ 2)
অসমর্থ্য শিক্ষার্থীদের অভিযোজন উপকরণ

3)
পঠন ও গণিতের দক্ষতা

4)
ছেলে ও মেয়ে শিশুর অনুপাত

**ব্যাখ্যা :** অসমর্থ্য শিক্ষার্থীদের অভিযোজন উপকরণ সূচকটি হল প্রাথমিক শিক্ষার গুণগত মানের পরিমাপক ।

47) পদ্মা সেতুর উদ্বোধন হবে কত তারিখ?

✔ 1)
২৫ জুন ২০২২

2)
৩০ জুন ২০২২

3)

Hello BCS

০১ জুলাই ২০২২

4)
১৬ ডিসেম্বর ২০২২

**ব্যাখ্যা :** ঢাকা : মাওয়া প্রান্তে পদ্মা সেতুর উদ্বোধনী ফলক ও বঙ্গবন্ধুর ম্যুরাল-১ উন্মোচনের মধ্য দিয়ে পদ্মা সেতুর উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শনিবার (২৫ জুন) দুপুর ১২টায় সেতু উদ্বোধন করেন তিনি।

48) স্বাধীনবাংলা বেতার কেন্দ্রের জনপ্রিয় অনুষ্ঠান কোনটি?

1)
সংবাদ পরিক্রমা

2)
বজ্রসাহস

3)
চরমপাঠ

✔ 4)
চরমপত্র

**ব্যাখ্যা :** চরমপত্র হলো এম আর আখতার মুকুল রচিত ও উপস্থাপিত স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের সবচেয়ে জনপ্রিয় অনুষ্ঠান। চরমপত্র অনুষ্ঠানটি স্বাধীন বাংলা বেতার কেন্দ্র চালু হওয়ার দিন ২৫শে মার্চ থেকে শুরু করে ১৬ই ডিসেম্বর বাংলাদেশ স্বাধীন হওয়ার দিন পর্যন্ত প্রতিদিন প্রচারিত হয়েছে।

Hello BCS

49) শেখ মুজিবুর রহমানকে কত সালে ‘বঙ্গবন্ধু’ উপাধিতে ভূষিত করা হয়?

1)
১৯৭১

2)
১৯৫২

3)
১৯৬৬

✔ 4)
১৯৬৯

**ব্যাখ্যা :** শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেওয়া হয় ২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯। ১৯৬৯ - ‘বঙ্গবন্ধু’ উপাধি লাভ করেন শেখ মুজিবুর রহমান। কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি শেখ মুজিবের

সম্মানে ঢাকার রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) এক সভার আয়োজন করে। লাখো জনতার এই সম্মেলনে শেখ মুজিবকে 'বঙ্গবন্ধু' উপাধি দেওয়া হয়। উপাধি ঘোষণা দিয়েছিলেন তোফায়েল আহমেদ। এ সভায় রাখা বক্তৃতায় শেখ মুজিব ছাত্র সংগ্রাম পরিষদের এগার দফা দাবির পক্ষে তার পূর্ণ সমর্থন ব্যক্ত করেন।

50) উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত উড়ালপথে মেট্রোরেলের দূরত্ব কত কি.মি.?

✔ 1)
২০.১০

2)
২০.৫০

3)
২৫

4)
২৫.১০

**ব্যাখ্যা :** উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত উড়ালপথে মেট্রোরেলের দূরত্ব= ২০.১০ কি.মি

Hello BCS

51) "বাউল গানকে" হেরিটেজ অব হিউম্যানিটি বলে স্বীকৃতি দিয়েছে–

✔ 1)
ইউনেস্কো

2)
ইউনিসেফ

3)
ইউএনডিপি

4)
ইউএনএফপিএ

**ব্যাখ্যা :** বাংলাদেশের ৪টি অধরা সাংস্কৃতিক ঐতিহ্য আছে। যথা - বাউল সংগীত, জামদানি, পহেলা বৈশাখের মঙ্গল শোভাযাত্রা ও শীতলপাটির বয়ন পদ্ধতি। এরমধ্যে বাউল সংগীতকে UNESCO মানবতার ধারক হিসেবে আখ্যা দেয়।

52) মুক্তিযুদ্ধকালে জর্জ হ্যারিসন আয়োজিত কনসার্টের নাম কি ছিল?

1)
কনসার্ট ১৯৭১

✔ 2)
কনসার্ট ফর বাংলাদেশ

3)
কান্ট্রি কনসার্ট

4)
লিবারেশন কনসার্ট

**ব্যাখ্যা :** দ্য কনসার্ট ফর বাংলাদেশ (বা বাঙলা দেশ, দেশের পূর্ববানান অনুসারে) ছিল ১ আগস্ট ১৯৭১ সালের রবিবার ২.৩০ এবং ৮.০০ অপরাহ্নে নিউ ইয়র্ক সিটির ম্যাডিসন স্কোয়ার গার্ডেনে প্রায় ৪০,০০০ দর্শকের উপস্থিতিতে অনুষ্ঠিত, সাবেক বিটল্স সঙ্গীতদলের লিড গিটারবাদক জর্জ হ্যারিসন এবং ভারতীয় সেতারবাদক রবিশঙ্কর

53) GPS এর পূর্ণাঙ্গ রূপ কী?

1)
General Pointing System

2)
Global Processing System

✔ 3)
Global Positioning System

4)
General Positioning System

**ব্যাখ্যা :** GPS - গ্লোবাল পজিশনিং সিস্টেম । জিপিএস থেকে আপনার বর্তমান লোকেশন জানতে পারবেন। জিপিএস স্যাটেলাইটের সাহায্যের মাধ্যমে বর্তমান লোকেশন দেয়। জিপিএস কাজ করতে কমপক্ষে তিনটি স্যাটেলাইটের হেল্প লাগে । জিপিএস স্যাটেলাইট কন্ট্রোল করে DOD (ডিপার্টমেন্ট অফ ডিফেন্স ইউএসএয়ার ফোর্স)!

54) বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণে ‘RTC’ এর পূর্ণরূপ কী?

✔ 1)
Round Table Conference

2)
Royal Technical Committee

3)

Hello BCS

Rawalpindi Technical Committee

4)
Road and Transport Corporation

**ব্যাখ্যা :** সাতই মার্চের ভাষণ ১৯৭১ খ্রিষ্টাব্দের ৭ই মার্চ ঢাকার রমনায় অবস্থিত রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) অনুষ্ঠিত জনসভায় শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত এক ঐতিহাসিক ভাষণ। তিনি উক্ত ভাষণ বিকেল ২টা ৪৫ মিনিটে শুরু করে বিকেল ৩টা ৩ মিনিটে শেষ করেন। উক্ত ভাষণ ১৮ মিনিট স্থায়ী হয়।

55) শেখ রাসেলকে নিয়ে শেখ হাসিনার লেখা বই কোনটি?

✔ 1)
আমাদের ছোট রাসেল সোনা

2)
মমতামাখা একটি নাম রাসেল

3)
রাসেলের দিনগুলি

4)
আমাদের ছোট রাজকুমার

**ব্যাখ্যা :** আমাদের ছোট রাসেল সোনা শেখ মুজিবুর রহমানের ছোট ছেলে শেখ রাসেলের জীবন কাহিনীর ওপর লেখা বই। ২০১৯ সালে বইটি প্রকাশিত হয়। এটি লিখেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

56) এক খন্ড 'প্লাটিনাম ও ইরিডিয়ামের তৈরি রড' এর দৈর্ঘ্য এক মিটার হিসেবে স্বীকৃত। এটি কোন মিউজিয়ামে রক্ষিত আছে?

1)
শিকাগো আর্ট মিউজিয়াম

✔ 2)
প্যারিস মিউজিয়াম

3)
ব্রিটিশ মিউজিয়াম

4)
কায়রো মিউজিয়াম

Hello BCS

**ব্যাখ্যা :** প্যারিস মিউজিয়ামে রক্ষিত এক খন্ড 'প্লাটিনাম ও ইরিডিয়ামের তৈরি রড'- এর দৈর্ঘ্যকে মিটার হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।

57) পৃথিবীর প্রধান ধান উৎপাদনকারী দেশ কোনটি?

1)
শ্রীলঙ্কা

2)
বাংলাদেশ

3)
ভারত

✔ 4)
চীন

**ব্যাখ্যা :** জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO) এর হিসাব মতে, ধান উৎপাদনে বিশ্বে শীর্ষ দেশ চীন। দেশটি বিশ্বের মোট উৎপাদনের প্রায় ৩০% ধান উৎপাদন করে, যার পরিমাণ ১৪.৮৫ কোটি টন। তালিকায় দ্বিতীয় অবস্থানে ভারত। দেশটি মোট ১১.৬৪ কোটি টন ধান উৎপাদন করে। বিশ্বে ধান উৎপাদনে বাংলাদেশ তৃতীয়।

Hello BCS

58) ভালো কোলেস্টেরল নিচের কোনটিকে বলা হয়?

1)
এমডিএল

2)
টিডিএল

3)
এলডিএল

✔ 4)
এইচডিএল

**ব্যাখ্যা :** হাই ডেনসিটি লিপোপ্রোটিন (এইচডিএল) কোলেস্টেরল শরীরের পক্ষে ভাল। এইচডিএল খারাপ কোলেস্টেরলের মাত্রা নিয়ন্ত্রণে রেখে শরীর সুস্থ রাখে। তাই শরীরে এইচডিএল সঠিক মাত্রা বজায় রাখা জরুরি। খাদ্যতালিকায় এবং জীবনযাত্রায় কোন পরিবর্তনগুলি আনলেই আমরা রক্তে এইচডিএল মাত্রা স্বাভাবিক রাখতে পারি?

59) এক নটিকেল মাইল সমান কত ফুট?

1)
৫০৮০

✔ 2)
৬০৮০

3)
৭০৮০

4)
৪০৮০

**ব্যাখ্যা :** নটিক্যাল মাইল থেকে ফুট রূপান্তর কনভার্টার একটি প্রয়োজনীয় দৈর্ঘ্য রূপান্তর ক্যালকুলেটর যা নটিক্যাল মাইল একক থেকে ফুট এককে রূপান্তর করতে কার্যকরভাবে ব্যবহৃত হয়। সুতরাং, কথায়, এক নটিক্যাল মাইল সমান ছয় হাজার ছিয়াত্তর দশমিক এক দুই ফুট I গাণিতিক বাক্যে রূপান্তর, ১ নটিক্যাল মাইল = ৬০৭৬.১২ ফুট ।

60) পৃথিবীর প্রাকৃতিক সৌরপর্দা হিসেবে অভিহিত করা হয় কোন স্তরকে?

1)
স্ট্রাটোস্ফিয়ার

2)
আয়োনোস্ফিয়ার

3)
ট্রপোস্ফিয়ার

✔ 4)
ওজোনস্ফিয়ার

**ব্যাখ্যা :** বায়ুমণ্ডলের স্ট্রাটোস্ফিয়ার স্তরে 20 থেকে 30 কিলোমিটার উচ্চতায় ওজোন গ্যাসের ঘনত্ব বেশি থাকায় এই স্তরকে ওজোন স্তর বলে। ওজোন গ্যাস সূর্য থেকে আগত জীবের পক্ষে ক্ষতিকারক রশ্মি গুলিকে শোষণ করে পৃথিবীর জীবকে রক্ষা করে। এই কারণে ওজোন স্তরকে “প্রাকৃতিক সৌরপর্দা” বলে।

61) ‘সিএনজি’ পাম্প থেকে গাড়িতে যে গ্যাস পূর্ণ করা হয় তা মূলত : —

1)
নাইট্রোজেন

2)

Hello BCS

আর্গন

✔ 3)
মিথেন

4)
প্রোপেন

**ব্যাখ্যা :** CNG = Compressed Natural Gas অর্থাৎ ঘনীকৃত প্রাকৃতিক গ্যাস। সিএনজি হলো আসলে মিথেন গ্যাস ।কারণ বাংলাদেশে পাওয়া প্রাকৃতিক গ্যাসের শতকরা ৯৯% বিশুদ্ধ মিথেন। আমরা রাস্তায় যেসব যানবাহনগুলোকে সিএনজি ডাকি সেগুলো আসলে সিএনজি চালিত যান। LPG = Liquid Petroleum Gas অর্থাৎ তরল পেট্রোলিয়াম গ্যাস। এটি হলো পেট্রোলিয়াম থেকে পাওয়া ১ম অংশ যেটা ৪০০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রার নিম্নে পৃথক করা হয়। এর ব্যবহার রান্না ছাড়াও বিভিন্ন কাজে প্রয়োজনীয় তাপ উৎপন্নে ব্যবহার করা হয়।

62) নিচের কোনটি জিঙ্ক সমৃদ্ধ ধানের জাত?

1)
সোনার বাংলা-১

2)
বাংলামতি

✔ 3)
ব্রি বঙ্গবন্ধু-১০০

4)
ব্রি- ৪৪

**ব্যাখ্যা :** দুই হাজার তের সালে প্রথম ব্রি-৬২ নামে জিংক সমৃদ্ধ একটি নতুন ধানের জাত উদ্ভাবনের ঘোষণা দেন ধান গবেষণা ইন্সটিটিউটের বিজ্ঞানীরা। এরপর একে একে আসে ব্রি-৬৪, ব্রি-৭২, ব্রি-৭৪, ব্রি-৮৪ এবং ব্রি-১০০। দেশে এখন এই মোট ছয় জাতের জিংক সমৃদ্ধ ধানের উৎপাদন হচ্ছে।

63) কম্পিউটারের সঙ্গে লাগানো প্রিন্টার কী হিসেবে কাজ করে?

1)
হাব

✔ 2)
রিসোর্স

3)

Hello BCS

সার্ভার

4)
অ্যাডস্টার

**ব্যাখ্যা :** ইথারনেট হাব একাধিক টুইস্টেড পেয়ার বা ফাইবার অপটিক ইথারনেট কনফিগারেশন সমূহের মধ্যে সংযোগ স্থাপন করতে ব্যবহৃত হয়। সাধারণত, এই হাবগুলো একটি নেটওয়ার্কের মধ্যে অনেকগুলো আইটি উপকরণ যেমন কম্পিউটার, প্রিন্টার ইত্যাদি সংযুক্ত করতে ব্যবহৃত হয়। হাব একটি সংযোগ বিন্যাস সরবরাহ করে এবং এই সংযোগটি একটি নেটওয়ার্কের মাঝে একটি স্থায়ী সংযোগ হিসাবে ব্যবহার করা হয়। হাব একটি নেটওয়ার্কের মধ্যে বিভিন্ন যন্ত্রকে সংযোগ করার সুযোগ প্রদান করে।

64) একইসাথে ইনপুট এবং আউটপুট ডিভাইস হিসেবে কোনটি কাজ করে?

1)
মনিটর

✔ 2)
টাচ্ স্ক্রিন

3)
কি-বোর্ড

4)
মাদার বোর্ড

**ব্যাখ্যা :** একই সাথে ইনপুট এবং আউটপুট ডিভাইস হিসেবে কাজ করে - টার্চ স্ক্রিন ।

65) কটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ৬ :৮ :১০ হলে বৃহত্তম কোণের পরিমাণ কত ডিগ্রী?

1)
৫৫

2)
৬৫

✔ 3)
৭৫

4)
৪৫

Hello BCS

**ব্যাখ্যা :** ত্রিভুজের তিন কোণের সমষ্টি = ১৮০°<
কোণ তিনটির অনুপাতের যোগফল = ৬ + ৮ + ১০ = ২৪
বৃহত্তম কোণের মান = (১৮০°/২৪)× ১০ = ৭৫°

66) যদি ( 6x-y, 13)= (1,3x+2y) হয়, তাহলে (x, y) = কত?

✔ 1)
(1,5)

2)
(5,1)

3)
(2,3)

4)
(3,2)

**ব্যাখ্যা :** দেওয়া আছে,
6x-y=1--------------------------(i)
3x+2y=13---------------------(ii)
এখন (i) কে 3 দ্বারা এবং (ii ) কে 6 দ্বারা গুন করে পাই,
18x-3y=3-----------------------(iii)
18x+12y=78-----------------9(iv)
এখন (iv)-(iii) করে পাই,
18x+12y=78
18x-3y=3
-------------------
=>15y=75
=>y=5
y এর মান (i ) সমীকরেন বসিয়ে পাই ,
6x-y=1
=>6x-5=1
=>x=1
সুতরাং (x,y)=(1,5)

67) রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে-

1)
শুধু সমকোণে দ্বিখণ্ডিত করে

✔ 2)

Hello BCS

সমকোণে সমদ্বিখণ্ডিত করে

3)
সমকোণে অসমভাবে দ্বিখণ্ডিত করে

4)
শুধু সমদ্বিখণ্ডিত করে

**ব্যাখ্যা :** রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে। রম্বসের বিপরীত কোণগুলো পরস্পর সমান। কর্ণদ্বয় কোণগুলোকে সমদ্বিখণ্ডিত করে।

68) ২০ ফুট একটি বাঁশ এমনভাবে কেঁটে দু'ভাগ করা হলো যেন ছোট অংশ বড় অংশের দুই তৃতীয়াংশ হয়, ছোট অংশের দৈর্ঘ্য কত ফুট?

1)
১০

2)
৬

3)
৭

✔ 4)
৮

Hello BCS

**ব্যাখ্যা :** মনে করি , বড় অংশের দৈর্ঘ্য ক ফুট এবং ছোট অংশের ক এর ২/৩=২ক/৩ ফুট
প্রশ্নমতে, ক+(২ক/৩)=২০
বা, ৩ক+২ক/৩=২০
বা,৫ক=৬০
=>ক=১২
সুতরাং ছোট অংশের দৈর্ঘ্য ২x১২/৩=৮ ফুট

69) কোন সংখ্যার বর্গমূলের সাথে ২০ যোগ করলে যোগফল ৫ এর বর্গ হবে?

1)
৩০

2)
১৮

3)

২০

✔ 4)
২৫

ব্যাখ্যা :

ধরি ,সংখ্যাটি x

শর্ত মতে , √x + ২০ = (৫)²

বা √x = ২৫ - ২০

বা √x = ৫

বা x = ৫²

∴ x = ২৫

70) একটি ঘরের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। প্রতি বর্গমিটার ৯.৫০ টাকা দরে ঘরটির মেঝে কার্পেট দিয়ে ঢাকতে মোট ১৮২৪ টাকা ব্যয় হয়। ঘরটির দৈর্ঘ্য কত মিটার?

1)
২১

2)
২০

✔ 3)
২৪

4)
২৫

Hello BCS

ব্যাখ্যা :

প্রস্থ = ক
দৈর্ঘ্য = ৩ক
ক্ষেত্রফল = ৩ক$^2$

৩ক$^2$ x ৯.৫০ = ১৮২৪
বা, ক$^2$ = ১৮২৪/২৮.৫
বা, ক = √৬৪
∴ ক = ৮

∴ দৈর্ঘ্য = ৩ x ৮ = ২৪

71) আবহাওয়া অফিসের রিপোর্ট অনুযায়ী ২০২২ সালে মে মাসে চতুর্থ সপ্তাহে বৃষ্টি হয়েছে মোট ৫ দিন। ঐ সপ্তাহে রবিবারে বৃষ্টি না হওয়ার সম্ভাবনা কত?

1)
৩/৭

✔ 2)
২/৭

3)
১/৭

4)
১

**ব্যাখ্যা :** 1 সপ্তাহ 7 দিন। বৃষ্টি হয়েছে 5 দিন অতএব যে কোনো একদিন বৃষ্টি হওয়ার সম্ভবনা = $\frac{5}{7}$ অতএব বুধবার বৃষ্টি হওয়ার সম্ভবনা $\frac{5}{7}$ অতএব বুধবার বৃষ্টি না হওয়ার সম্ভবনা = $1 - \frac{5}{7}$ $\frac{7-5}{7} = \frac{2}{7}$

Hello BCS

72) দুটি সংখ্যার অর্ধেকের যোগফল ৪০। তাদের পার্থক্যের এক চতুর্থাংশ ১৮। ছোট সংখ্যাটি কত?

✔ 1)
৪

2)
৮০

3)
৭৮

4)
১২

**ব্যাখ্যা :** ধরি সংখ্যা দুটি, x, y
প্রশ্নমতে,
x/2+y/2=40
=>x+y=80---------------(i)
আবার,

x-y/4=18
=>x-y=72--------------(ii)
এখন (i)-(ii)
x+y=80
x-y=72
-------------
2y=8
=>y=4
একইভাবে,
x+y=80
=>x+4=80
=>x=76
সুতরাং ছোট সংখ্যাটি ৪

73) এক কুড়ি আম ৪০০ টাকায় ক্রয় করে ৫% লাভে বিক্রয় করা হল। এর ক্রয় মূল্য ৫% কম হলে কত টাকা লাভ হত?

1) ৪৫

✔ 2) ৪০

3) ৩৫

4) ৫০

Hello BCS

ব্যাখ্যা : 400*5/100=20
So,sales price= 420, if purchase price less than 5%, then 400*95/100= 380
Now,,420-380= 40

74) ক এর ১৫% যদি খ এর ২০% এর সমান হয় তব ক :খ কত?

1) ৫ :৩

✔ 2) ৪ :৩

3)

৩ :৪

4)
৫ :২

**ব্যাখ্যা :** ক এর ১৫% = খ এর ২০%
বা, ১৫ক= ২০খ
বা, ৩ক=৪খ
বা, ক/খ=৪/৩
সুতরাং, ক : খ=৪ : ৩।

75) ২ × ৩ × ০.৫/১.৫ = কত

✔ 1)
২

2)
৪

3)
১

4)
০

Hello BCS

**ব্যাখ্যা :** ২ × ৩ × ০.৫/১.৫ = ৩/১.৫ =২

76) একটি সমান্তর ধারারণ অন্তর ৯ এবং ৭ম পদ ৬০ হলে ১২তম পদটি কত?

✔ 1)
১০৫

2)
১০৮

3)
৯০

4)
২০০

**ব্যাখ্যা :** প্রথম পদ a, সাধারণ অন্তর d ও পদসংখ্যা n হলে,

n তম পদ = a + (n - 1) x d

বা, a + (৭ - 1) x ৯ = ৬০ বা, a = ৬

সুতরাং, ১২ তম পদ = ৬ + (১২ - ১) x ৯ = ১০৫

77) ১০০ থেকে ২০০ এর মধ্যে ৩ দ্বারা বিভাজ্য সংখ্যা কয়টি?>

1) 31
2) 32
✔ 3) 33
4) 34

**ব্যাখ্যা :**

সংখ্যার সীমা হলো ১০০ থেকে ২০০ পর্যন্ত ১ম সংখ্যা a = ১০২ (কারণ ১০০ ও ১০১ সংখ্যাদ্বয় ৩ দ্বারা বিভাজ্য নয়]
সাধারণ অন্তর, d ৩ [কারণ ৩ দ্বারা বিভাজ্য ১ম সংখ্যা ও ২য় সংখ্যার পার্থক্য ৩ হবে।
∴শেষ সংখ্যা = ১৯৮

$$\therefore \text{পদসংখ্যা} = \frac{\text{শেষ পদ} - \text{১ম পদ}}{\text{সাধারণ অন্তর}} + ১$$

$$= \frac{১৯৮ - ১০২}{৩} + ১ = \frac{৯৬}{৩} + ১$$

$$= ৩২ + ১ = ৩৩$$

78) নিচের কোন ভগ্নাংশটি ছোট?

1)
২/৫

2)
৪/৯

✔ 3)
১/৩

4)
৩/৭

**ব্যাখ্যা :** ২/৫=০.৪

৪/৯=০.৪৪৪৪

১/৩=০.৩৩৩

৩/৭=০.৪২

Hello BCS

79) ভাজক ৭৮, ভাগফল ২৫ এবং ভাগশেষ ভাজকের এক-তৃতীয়াংশ। ভাজ্য কত?

1)
১৯৭৮

2)
১৯৭০

3)
১৯৮০

✔ 4)
১৯৭৬

**ব্যাখ্যা :** দেওয়া আছে,
ভাজক ৭৮
ভাগফল ২৫
ভাগশেষ হলো ভাজকের এক-তৃতীয়াংশ
অর্থাৎ ভাগশেষ = ৭৮ ÷ ৩ = ২৬
আমরা জানি,
ভাজ্য = (ভাজক × ভাগফল) + ভাগশেষ
= (৭৮ × ২৫) + ২৬
= ১৯৫০ + ২৬
= ১৯৭৬

Hello BCS

80) গ্রীষ্মের বিকেলে আপনি হাঁটতে বের হয়েছেন। বের হওয়ার সময় সূর্য আপনার সামনে ছিল। কিছুক্ষণ পরে আপনি বামদিকে ঘুরলেন, কয়েক মিনিট পরে আপনি ডানদিকে ঘুরলেন। এখন আপনার মুখ কোনদিকে?

1)
পূর্ব

✔ 2)
পশ্চিম

3)
উত্তর

4)
দক্ষিণ

**ব্যাখ্যা :** একটু ভাল করে খেয়াল করলে আমরা সঠিক উত্তর পাই পশ্চিম ।

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS